

একই
বিস্তিং-এ ভিন্ন ভিন্ন
প্রতিষ্ঠানের বিপরীতে বন্ড
লাইসেন্স প্রদানযোগ্য
হবে কিনা ?

(ক) বন্ড লাইসেন্স প্রদান উপযোগী সমুদয় শর্তাদি পরিপালিত হলে একই বিস্টিং-এ ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের বিপরীতে এমনকি মালিকানা ভিন্ন হলেও বন্ড লাইসেন্স প্রদান করা যাবে।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের সাথে বিজিএমইএ এর

অনুষ্ঠিত ১৮/০৯/২০০১ তারিখের সভার সিদ্ধান্ত- যা বোর্ডের

পত্র নথি নং- ৩(২) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০১/১৩২৬ তারিখঃ

১০/১০/২০০১ এর মাধ্যমে জারীকৃত উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রচলিত নিয়মানুযায়ী একই বিস্টিংয়ে ইউনিট-১ এবং ইউনিট-২ স্থাপন অথবা ভিন্ন ভিন্ন নামে একই মালিকানাধীন পোষাক শিল্প কারখানা প্রতিষ্ঠিত হলে লাইসেন্স প্রদানের শর্ত পূরণ সাপেক্ষে বন্ড লাইসেন্স জারী করা যাবে।

(গ) এ ছাড়া একই মালিকানাধীন একই বাণিজ্যিক বিস্টিং এর বিভিন্ন তলায় স্থাপিত কারখানার কাঁচামালের গুদাম নীচ তলায় পৃথক পৃথকভাবে স্থাপন করা যাবে। উক্ত ব্যবস্থাকে অধিকতর যুক্তিযুক্ত করার প্রয়াসে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৩(২১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৮/৪১২ তারিখঃ ১৮/০৯/২০০১ মোতাবেক নিম্নলিখিত শর্তে একই ভবনে অবস্থিত একই মালিকানাধীন একাধিক প্রতিষ্ঠানের জন্য একই ফ্লোরে কাটিং টেবিল স্থাপনের অনুমতি দেয়া হয়:

(১) প্রত্যেক প্রতিষ্ঠানের কাপড় পৃথক পৃথকভাবে কাটিং করতে হবে;

(২) শুল্ক কর্তৃপক্ষ পরিদর্শন কালে কাপড়ের মজুদ প্রদর্শন করতে হবে।

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ৩(২১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৮/৩০২(১) তারিখঃ ০৯/০৮/২০০৬ অনুযায়ী প্রতীয়মান হয় যে, একই মালিকানাধীন একই ভবনে/প্রাঙ্গনে অবস্থিত একাধিক পোষাক শিল্প প্রতিষ্ঠানের জন্য একটি কাঁচামালের গুদাম অনুমোদন করারও সুযোগ আছে।